১. উদ্যোগের শিরোনাম* : **ফায়ার সেফটি ট্রেনিং ও মহড়ার দাপ্তরিক কার্যক্রম অনলাইন-করণ;**

২. যে সমস্যাটিকে চিহ্নিত করতে চান তার বিবরণ লিখুন : বর্তমানে বিদ্যমান পদ্ধতিতে সেবা গ্রহীতা বা তার প্রতিনিধিকে ন্যূনতম চারবার অধিদপ্তরে আসতে হয় (যেমন আবেদন পত্র সংগ্রহ , আবেদন পত্র জমা, পে অর্ডার জমা ও সনদপত্র সংগ্রহ)। তাছাড়া চুড়ান্ত সেবা পেতে সেবা গ্রহীতাকে ০৮টি ধাপ পেরুতে হয়। ফলে সেবা গ্রহীতার সময় ও অর্থ ব্যয় এবং ভোগান্তি বৃদ্ধি পায়;

৩. আপনার প্রস্তাবিত সমাধান টি লিখুন : প্রস্তাবিত ফায়ার সেফটি ট্রেনিং ও মহড়ার দাপ্তরিক কার্যক্রম অনলাইনকরণ এর মাধ্যমে –

- সেবাগ্রহীতা কোন ভিজিট ছাড়া নিজ অবস্থানে থেকেই অনলাইনের মাধ্যমে আবেদন, সনদপত্র সংগ্রহ এবং প্রশিক্ষণ শিডিউল পাবেন।
- মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে সেবামূল্য পরিশোধ করতে পারবেন।

৪. আপনার উদ্যোগটি যে সকল ক্ষেত্রে পরিবর্তন আনবে বলে মনে করছেন :

- সেবা পেতে সেবা গ্রহীতাকে পূর্বের তুলনায় কম সময় ব্যয় করতে হবে।
- বিদ্যমান ব্যবস্থায় একাধিকবার ভিজিট করতে হলেও প্রস্তাবিত ব্যবস্থায় সেবাগ্রহীতা নিজ অবস্থান হতেই সেবাটি নিতে পারবেন।
- সেবামূল্য ব্যতিত অন্য কোন খরচ(যেমন-যাতায়াত, পানাহার ইত্যাদি) করতে হবে না।
- বিদ্যমান ব্যবস্থায় সেবা গ্রহীতাকে ভোগান্তি পোহাতে হতো যা লাঘব হবে।
- বিদ্যমান ব্যবস্থার তুলনায় প্রস্তাবিত ব্যবস্থায় সেবা স্বচ্ছতা ও প্রদানকারীর জবাবদিহীতা বৃদ্ধি পাবে।

৫. যে ধরণের ইভেন্ট/কর্মশালা হতে উদ্ভাবন এর শুরু :

৬. সমস্যার মূল কারণ : বিদ্যমান ব্যবস্থায় অধিক ভিজিট, অধিক সময় ও অর্থ ব্যয় হয়ে থাকে যা সেবাগ্রহীতাকে অসন্তুষ্ট ও বীতশ্রদ্ধ করার সম্ভাবনা থাকে।

৭. ভুক্তভোগী জনগোষ্ঠী : ক্ষুদ্র, মাঝারি ও বৃহৎ সকল ব্যবসা , বাণিজ্য ও শিল্প প্রতিষ্ঠানে কর্মরত জনগোষ্ঠী।

৮. “সমস্যা/সমাধান” এর বিস্তারিত সংযুক্তি: (যদি থাকে) :

১. উদ্যোগের শিরোনাম* : **৬ মাস মেয়াদি ফায়ার ডিপ্লোমা কোর্স এর দাপ্তরিক কার্যক্রম অনলাইনকরণ।**

২. যে সমস্যাটিকে চিহ্নিত করতে চান তার বিবরণ লিখুন : বর্তমানে বিদ্যমান পদ্ধতিতে সেবা গ্রহীতাকে ভর্তি সংক্রান্ত দাপ্তরিক কাজে ন্যূনতম তিনবার মিরপুরস্থিত ট্রেনিং সেন্টারে স্বশরীরে আসতে হয়। তাছাড়া প্রশিক্ষণ সেবা গ্রহণের দাপ্তরিক কার্যাবলি সম্পাদনে সেবা গ্রহীতাকে ০৭টি ধাপ পেরুতে হয়। ফলে সেবা গ্রহীতার সময় ও অর্থ ব্যয় এবং ভোগান্তি বৃদ্ধি পায়;

৩. আপনার প্রস্তাবিত সমাধান টি লিখুন : প্রস্তাবিত ৬ মাস মেয়াদি ফায়ার ডিপ্লোমা কোর্স এর দাপ্তরিক কার্যক্রম অনলাইনকরণ এর মাধ্যমে –

- সেবাগ্রহীতা কোন ভিজিট ছাড়া নিজ অবস্থানে থেকেই অনলাইনের মাধ্যমে আবেদনপত্র সংগ্রহ, আবেদনপত্র দাখিল, ভর্তি পরীক্ষার ফলাফল সংগ্রহ করতে পারবেন।
- ভর্তি এবং পরবর্তিতে পরীক্ষা ও ফলাফল সম্পর্কে নোটিফিকেশন পাবেন।
- মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে সেবামূল্য পরিশোধ করতে পারবেন।

৪. আপনার উদ্যোগটি যে সকল ক্ষেত্রে পরিবর্তন আনবে বলে মনে করছেন :

- সেবা পেতে সেবা গ্রহীতাকে পূর্বের তুলনায় কম সময় ব্যয় করতে হবে।
- বিদ্যমান ব্যবস্থায় দাপ্তরিক কাজে ন্যূনতম তিনবার ভিজিট করতে হলেও প্রস্তাবিত ব্যবস্থায় সেবাগ্রহীতাকে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ ব্যতিত দাপ্তরিক কাজে ভিজিট করতে হবে না।
- সেবামূল্য ব্যতিত অন্য কোন ব্যয় (যেমন যাতায়াত, আপ্যায়ন ইত্যাদি বাবদ) করতে হবে না।
- বিদ্যমান ব্যবস্থায় সেবা গ্রহীতাকে ভোগান্তি পোহাতে হতো যা লাঘব হবে।
- বিদ্যমান ব্যবস্থার তুলনায় প্রস্তাবিত ব্যবস্থায় সেবা স্বচ্ছতা ও প্রদানকারীর জবাবদিহীতা বৃদ্ধি পাবে।

৫. যে ধরণের ইভেন্ট/কর্মশালা হতে উদ্ভাবন এর শুরু :

৬. সমস্যার মূল কারণ : বিদ্যমান ব্যবস্থায় অধিক ভিজিট, অধিক সময় ও অর্থ ব্যয় হয়ে থাকে যা সেবাগ্রহীতাকে অসন্তুষ্ট ও বীতশ্রদ্ধ করার সম্ভাবনা থাকে।

৭. ভুক্তভোগী জনগোষ্ঠী : প্রশিক্ষণে ভর্তি প্রত্যাশি যে কোন জনগোষ্ঠী।

৮. "সমস্যা/সমাধান" এর বিস্তারিত সংযুক্তি: (যদি থাকে) :

১. উদ্যোগের শিরোনাম* : **অগ্নিকান্ড ও দুর্ঘটনার ডাটাবেজ ও প্রতিবেদন অনলাইনে তৈরিকরণ**

২. যে সমস্যাটিকে চিহ্নিত করতে চান তার বিবরণ লিখুন : বর্তমানে বিদ্যমান পদ্ধতিতে অগ্নিকান্ড ও দুর্ঘটনার তথ্যাদি ম্যানুয়েল পদ্ধতিতে নেয়া হয়। এতে একদিকে যেমন ভূল হবার সম্ভাবনা থাকে অপরদিকে দীর্ঘমেয়াদীভাবে সংরক্ষণও করা যায় না। ফলে কমসময়ে ও সহজে অগ্নিকান্ড ও দুর্ঘটনার তথ্যাবলি ও প্রতিবেদন সরবরাহ করা যায় না।

৩. আপনার প্রস্তাবিত সমাধান টি লিখুন : একটি যুগোপযোগী সফ্টওয়্যারের মাধ্যমে প্রস্তাবিত অগ্নিকান্ড ও দুর্ঘটনার ডাটাবেজ ও প্রতিবেদন অনলাইনকরণের ফলে–

- প্রতিটি স্টেশন অনলাইনে নিজ নিজ আওতাধীন এলাকায় সংঘটিত অগ্নিকান্ড ও দুর্ঘটনার তথ্যাবলি কেন্দ্রীয় ডাটাবেজে সংযোজন করতে পারবেন।
- কেন্দ্রীয় নিয়ন্ত্রণ কক্ষের ড্যাসবোর্ড হতে যে কোন সময়ের তথ্যাবলি ও রিপোর্ট সরবরাহ করা যাবে।
- তথ্যাবলী স্বয়ংক্রিয়ভাবে কেন্দ্রীয় নিয়ন্ত্রণ কক্ষের কম্পিউটার/সার্ভারে সংরক্ষিত হবে।

৪. আপনার উদ্যোগটি যে সকল ক্ষেত্রে পরিবর্তন আনবে বলে মনে করছেন :

- পূর্বে অগ্নিকান্ড ও দুর্ঘটনার তথ্যাবলি যথাযথভাবে আদান-প্রদান করা সময়সাপেক্ষ ও দুরূহ ছিলো প্রস্তাবিত ব্যবস্থাটি যা দুর করবে।
- পূর্বে অপারেশনাল তথ্যাবলি কাগজের প্রতিবেদন আকারে নিয়ন্ত্রণকারীর নিকট পাঠানো হতো। নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ সেগুলোর একীভূত প্রতিবেদন তৈরি করে পাঠাতেন। এভাবে কয়েক ধাপ পেরিয়ে অধিদপ্তরে আসতো। ফলে অনেক সময় পারিসংখ্যিক প্রতিবেদনে ভূল হওয়ার পাশাপাশি সময়ক্ষেপন হতো। প্রস্তাবিত ব্যবস্থায় এ অসুবিধা দুর হবে।
- বিদ্যমান ব্যবস্থায় তথ্য সংগ্রহ ও প্রদানে অধিদপ্তরকে ভোগান্তি পোহাতে হতো প্রস্তাবিত ব্যবস্থায় যা লাঘব হবে।

৫. যে ধরণের ইভেন্ট/কর্মশালা হতে উদ্ভাবন এর শুরু :

৬. সমস্যার মূল কারণ : বিদ্যমান ব্যবস্থায় অধিক সময় ও অর্থ ব্যয় হয়। তাছাড়া প্রায়শ:ই মানবিক ভূলের কারণে সরবরাহকৃত তথ্য বিশ্বাসযোগ্যতা হারায়।

৭. ভুক্তভোগী জনগোষ্ঠী : অধিদপ্তর, সরকার ও তথ্য ও রিপোর্টের জন্য আবেদনকারী জনগোষ্ঠী।

৮. "সমস্যা/সমাধান" এর বিস্তারিত সংযুক্তি: (যদি থাকে) :